

## বুয়েটের সেই শিক্ষকের বিরুদ্ধে মামলা

আদালত প্রতিবেদক ●

রাষ্ট্রদ্রোহ ও ধর্মীয় অনুভূতিতে আঘাতের অভিযোগে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) পুরকৌশল বিভাগের অধ্যাপক জাহাঙ্গীর আলমের বিরুদ্ধে মামলা করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার ঢাকার মুখ্য মহানগর হাকিম আদালতে বুয়েট শাখার ছাত্রলীগের নেতা সিয়াম হোসেন বাদী হয়ে নালিশি মামলা করেন।

মহানগর হাকিম শাহরিয়ার মাহমুদ আদানান বাদী জবানবন্দি গ্রহণ করেন। আদালত শাহবাগ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে (ওসি) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমোদন নিয়ে নালিশি আবেদনটি এজাহার হিসেবে গ্রহণ করে তদন্তের নির্দেশ দেন।

আদালতের আদেশে বলা হয়, চলতি বছরের ১১ এপ্রিল সামাজিক যোগাযোগের মাধ্যম ফেসবুকে জামায়াতের নেতা মুহাম্মদ কাশারুজ্জামানের ফাঁসির সমালোচনা করে একটি বিশেষ ধর্মের সম্প্রদায়ের বিরুদ্ধে উসকানিমূলক মন্তব্যসহ রাষ্ট্রবিরোধী মন্তব্য করেন। মামলায় জাহাঙ্গীর আলমের বিরুদ্ধে ফৌজদারি কার্যবিধির ১২৪-এ ও ২৯৫-এ ধারার অভিযোগ আনা হয়েছে। এ দুটি মামলা গ্রহণের আগে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে অনুমোদন গ্রহণ করার বিধান রয়েছে। তাই শাহবাগ থানার পুলিশকে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে এজাহার গ্রহণ করে তদন্তের নির্দেশ দেওয়া হলো।

বাদীপক্ষের মামলা পরিচালনা করেন জাকির হোসেন ও গোলাম রকবানী। মামলা করার সময় আদালতে ছাত্রলীগের বুয়েটের নবগঠিত কমিটির সভাপতি শুভ্র জ্যোতি ঠিকাদার ও সাধারণ সম্পাদক আবু সাঈদ উপস্থিত ছিলেন।